DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:46 PM

সারাদেশ

শাহবাজপুরে মাদ্রাসা-মসজিদের জায়গা অধিগ্রহণের প্রতিবাদে মানববন্ধন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার শাহবাজপুরে ঐতিহ্যবাহী জামিয়া ইসলামিয়া দারুল উলুম মাদ্রাসা ও মসজিদের জায়গা দ্বিতীয় দফায় অধিগ্রহণের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ আগস্ট) মহাসড়কের পাশে আয়োজিত এ কর্মসূচিতে মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে সভাপতিত্ব করেন পীরেতরিকত শায়খুল হাদিস আবদুল কুদ্দুস। এ সময় বক্তব্য দেন বিএনপির সরাইল উপজেলা শাখার সিনিয়র সহসভাপতি ও জেলা বিএনপির সহসভাপতি মোহাম্মদ রিপন মিয়া, শাহবাজপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান রাজীব আহমেদ রাজ্জি, মাদ্রাসার নায়েবে মোতাওয়াল্লি কামরুল হাসান লিটন, সদস্য শাহ আলম মিয়া, মুফতি সালমান কাসেমী ও মুফতি শাহ আবদুল কুদ্দুসসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

বক্তারা বলেন, ঐতিহ্যবাহী এ মাদ্রাসা ও মসজিদের জায়গা অধিগ্রহণের উদ্যোগে স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও ক্ষোভ সৃষ্টি হয়েছে। তাঁরা মাদ্রাসা ও মসজিদের জায়গা অধিগ্রহণের সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জানান। একই সঙ্গে প্রতিষ্ঠানটির ঐতিহ্য, ধর্মীয় ও শিক্ষাগত গুরুত্ব বিবেচনায় নিয়ে জায়গাটি অধিগ্রহণের আওতার বাইরে রাখার আহ্বান জানান।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান
নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/shahbajpure-madrasa-msjider-jayga-odhigrhner-prtibade-manbbndhn